

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
সেপাস উইং
নৌযান শুমারি কার্যক্রম
পরিসংখ্যান ভবন (১০ম তলা, ব্লক-১)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা ১২০৭
www.bbs.gov.bd

নং- ৫২.০১.০০০০.৪০০.১৪.০০১.২৫. ২৬৩

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩২
১৫ ডিসেম্বর ২০২৫


বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক নৌযান শুমারি পরিচালনার নিমিত্ত দেশের ইঞ্জিন চালিত সকল নৌযান এবং ঘাটের তথ্য পুনরায় প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক নৌযান শুমারি পরিচালনার নিমিত্ত নৌপরিবহন অধিদপ্তর এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মধ্যে গত ২১/০৮/২০২৫ তারিখে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত সমঝোতা স্মারক ও সময়বদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী শুমারি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে চলতি অর্থবছরে নৌযান শুমারির লিস্টিং/ম্যাপিং অপারেশন পরিচালনার পরিকল্পনা রয়েছে। উল্লেখ্য, গত ০১ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. তারিখে ৫২.০১.০০০০.৪০০.১৪.০০১.২৫.১৮ নং স্মারকের মাধ্যমে ইতোমধ্যে প্রাথমিকভাবে বিবিএস এর মাঠ পর্যায় হতে উপজেলাভিত্তিক নৌযানের সংখ্যা এবং ঘাটের তথ্যাদি সংগ্রহ করা হয়েছে।

০২। লিস্টিং অপারেশনের জন্য লিস্টিং জোন গঠন করার ক্ষেত্রে জিওকোড অনুসারে ইউনিয়নভিত্তিক নৌযানের সংখ্যা এবং ঘাটের নাম সংক্রান্ত তথ্যাদি প্রয়োজন হবে। বর্ণিতাবস্থায়, নৌযান শুমারি পরিচালনার লক্ষ্যে দেশের ইঞ্জিন চালিত সকল নৌযান (রেজিস্টার্ড এবং আনরেজিস্টার্ড) ও ঘাটের নাম সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি নিম্নবর্ণিত ছক মোতাবেক জেলাভিত্তিক আগামী ৩০/১২/২০২৫ তারিখের মধ্যে পুনরায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, কোনো এলাকায় ঘাটের নামের ক্ষেত্রে প্রকৃতনাম এবং স্থানীয়ভাবে পরিচিত নাম থাকলে তা উল্লেখপূর্বক নিম্নোক্ত ছকে Excel ফরম্যাটে পূরণপূর্বক fpo25sc@gmail.com ইমেইল ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	বিভাগ	সিটি কর্পোরেশন	থানা	ওয়ার্ড	জেলা	উপজেলা	পৌরসভা	ইউনিয়ন/ওয়ার্ড	ঘাটের নাম	ঘাটের নাম (স্থানীয়ভাবে পরিচিত নাম)	নৌযান সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩

০৩। এতে মহাপরিচালক, বিবিএস মহোদয়ের অনুমোদন রয়েছে।


মোঃ আরিফ হোসেন
উপপরিচালক
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
ই-মেইলঃ arifbbs30@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) উপপরিচালক/উপপরিচালক (ভারপ্রাপ্ত)/উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জেলা পরিসংখ্যান কার্যালয় (সকল), বিবিএস।
- ২) অফিস কপি।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১) যুগ্মপরিচালক/যুগ্মপরিচালক (ভারপ্রাপ্ত)/ যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল), বিবিএস।
- ১) স্টাফ অফিসার, মহাপরিচালকের কার্যালয়, বিবিএস।